



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -২
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২১.২৩.২৮১

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯

১০ এপ্রিল ২০২৩


বিষয়: রিট পিটিশন নং ২৫৭২/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ২৫৭২/২০২৩-এর ২৭/০২/২০২৩ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার লালমাই উপজেলা সাধারণ নির্বাচন-২০২৩ উপলক্ষে মহিলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী মোসাঃ পারুল আক্তার এর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল হওয়ায় স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করে পিটিশনার মোসাঃ পারুল আক্তার কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ২৫৭২/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ রিটের ৪নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, কুমিল্লা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৫৭২/২০২৩ মোকদ্দমার আরজির আলোকে অন্তর্বর্তী আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।



১০-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

জেলা প্রশাসক,

জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা।


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২১.২৩.২৮১/১(৪)

তারিখ: ২৭ চৈত্র ১৪২৯

১০ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১০-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)